



কোটালীপাড়ায় শিক্ষকদের কর্মবিরতি

প্রকাশ : ১৫ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

কোটালীপাড়া (গোপালগঞ্জ) সংবাদদাতা

বেতন বৈষম্য নিরসনের দাবিতে কোটালীপাড়া উপজেলার ১৮৭টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা কর্মবিরতি পালন করেছেন। সোমবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত দুই ঘণ্টা তারা কর্মবিরতি পালন করেন। এ সময় শিক্ষকরা বিদ্যালয়ে উপস্থিত থাকলেও উপজেলার কোনো প্রাথমিক বিদ্যালয়ে ক্লাস নেননি। উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক কাজী সাফায়েত হোসেন বলেন, প্রধান শিক্ষকদের জাতীয় বেতন স্কেলের ১০ম গ্রেড ও সহকারী শিক্ষকদের ১১তম গ্রেডে বেতন দেওয়ার দাবিতে আমরা এই কর্মবিরতি পালন করছি। এটি আমাদের জাতীয় পর্যায়ে কর্মসূচির অংশ। সারাদেশেই এই কর্মসূচি পালিত হচ্ছে।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

|